শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১১৪, বাংলাদেশ।
ওয়েব সাইট: www.sust.edu
ই-মেইল : registrar@sust.edu

Shahjalal University of Science and Technology
Sylhet-3114, Bangladesh.
Website : www.sust.edu
e-mail : registrar@sust.edu

স্মারক নং-রেজি:/১৬

# বিজ্ঞপ্তি

এতদ্বারা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর অধ্যয়নরত সকল শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের প্রবিধিমালার কোনো পরিবর্তন/সংযোজন/সংশোধন সংক্রান্ত কোনো মতামত থাকলে তা আগামী ৩০ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে লিখিত আকারে ছাত্র উপদেশ ও নির্দেশনা দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রবিধিমালা/গঠনতন্ত্রের কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাঃ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং-রেজি:/১৬ ১৪/৯৯৭ তারিখ: ২০ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। কোষাধ্যক্ষ মহোদয়, শাবিপ্রবি।
২। ডিন: স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস, লাইফ সায়েন্সেস, সোশ্যাল সায়েন্সেস, এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস, ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিষ্ট্রেশন ও মেডিক্যাল সায়েন্সেস, শাবিপ্রবি।
৩। বিভাগীয় প্রধান: পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, আর্কিটেকচার, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, পলিটিক্যাল ষ্টাডিজ, পাবলিক এ্যাডমিনিষ্ট্রেশন, নৃবিজ্ঞান, ফরেষ্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, ব্যবসায় প্রশাসন, ইংরেজী, বাংলা, জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট, ইলেকট্রিকেল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি ও সমুদ্রবিজ্ঞান বিভাগ, শাবিপ্রবি।
৪। পরিচালক: আইআইসিটি, কম্পিউটার ও তথ্য কেন্দ্র, আইসিটি সেল, গবেষণা কেন্দ্র, সেন্টার অব এক্সিলেন্স, IQAC, আধুনিক ভাষা ইনস্টিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল, SUST Writing Center, SUST Research Ethics Board (SREB) ও Institute of Education and Research (IER), SUST.
৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, শাবি শিক্ষক সমিতি, শাবিপ্রবি
৬। সভাপতি ও সাধারণ সম্পাদক, শাবি অফিসার্স এসোসিয়েশন, শাবিপ্রবি
৭। প্রশাসক লাইব্রেরী, কেন্দ্রীয় লাইব্রেরী, শাবিপ্রবি।
৮। প্রক্টর, শাবিপ্রবি।
৯। হিসাব পরিচালক, শাবিপ্রবি।
১০। পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, শাবিপ্রবি।
১১। পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা, শাবিপ্রবি।
১২। পরীক্ষা নিয়ন্ত্রক, শাবিপ্রবি।
১৩। প্রধান প্রকৌশলী, শাবিপ্রবি।
১৪। পরিবহন প্রশাসক, শাবিপ্রবি।
১৫। প্রশাসক, মেডিকেল সেন্টার, শাবিপ্রবি।
১৬। পরিচালক, শারীরিক শিক্ষা, শাবিপ্রবি।
১৭। প্রভোস্ট: শাহপরান হল, প্রথম ছাত্রী হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বেগম সিরাজুন্নেসা চৌধুরী হল, সৈয়দ মুজতবা আলী হল ও বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, শাবিপ্রবি।
১৮। মহাবিদ্যালয় পরিদর্শক (ভারপ্রাপ্ত), শাবিপ্রবি।
১৯। বিএনসিসি অফিস প্রধান, শাবিপ্রবি।
২০। অতিরিক্ত রেজিস্ট্রার: তথ্য ও জনসংযোগ, প্রশাসন, শিক্ষক-১ ও ২, একাডেমিক এবং কাউন্সিল, শাবিপ্রবি।
২১। ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি।
২২। এস্টেট কর্মকর্তা (ভারপ্রাপ্ত), শাবিপ্রবি।
২৩। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি।
২৪। সহকারী রেজিস্ট্রার (একাডেমিক), শাবিপ্রবি (বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২৫। সহকারী রেজিস্ট্রার (ষ্টোর), কেন্দ্রীয় ভান্ডার, অতিথি ভবন, শাবিপ্রবি।
২৬। প্রশাসনিক কর্মকর্তা (নিরাপত্তা), শাবিপ্রবি ।
২৭। সভাপতি ও সাধারণ সম্পাদক: শাবি প্রেস ক্লাব, সহায়ক কর্মচারী সমিতি, সহায়ক পরিবহন কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন, শাবিপ্রবি।
২৮। নথি।

20/7/25
অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন)



CamScanner

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## কেন্দ্রীয় ছাত্র সংসদের গঠনতন্ত্র ।

১। নাম : সংসদের নাম হবে 'শাহজালাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ ।

সদস্য : বিশ্ববিদ্যালয়ে প্রত্যক্ষভাবে অধ্যয়নরত সকল ছাত্র শাহজালাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সাধারন সদস্য । এই গঠনতন্ত্রে ছাত্র বলতে ছাত্র-ছাত্রী উভয়কে বুঝানো হয়েছে ।

২। উদ্দেশ্য ও লক্ষ্য :

ক) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও শিক্ষা বহির্ভূত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার সহযোগিতা প্রদান ।
খ) বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মধ্যে সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তি এবং ক্রীড়া সংক্রান্ত সহযোগীতা বাড়ানো এবং এতদ সংক্রান্ত যাবতীয় কার্যাবলীর আয়োজন করা ।
গ) ছাত্রদেরকে প্রকৃত নাগরিকরূপে গড়ে তোলা এবং তাদের মধ্যে নেতৃত্বের উন্মেষ ঘটানো ।
ঘ) বাংলাদেশের অভ্যন্তরে এবং বাংলাদেশের বাহিরের অনুরূপ বিশ্ববিদ্যালয়ের অথবা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের সাথে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তি এবং ক্রীড়াসংক্রান্ত সহযোগিতা বাড়ানো ।
ঙ) বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সমুন্নত রাখা ।

৩। কেন্দ্রীয় ছাত্র সংসদের কার্যকরী পরিষদ :-

অ) সভাপতি : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য পদাধিকার বলে এই সংসদের সভাপতি থাকবেন ।

আ) কোষাধ্যক্ষ : সভাপতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে থেকে কোন একজনকে এই সংসদের কোষাধ্যক্ষ মনোনীত করবেন ।

ই) কেন্দ্রীয় ছাত্র সংসদের সাধারন সদস্য কর্তৃক নির্বাচিত প্রতিনিধি :

ক) সহ-সভাপতি
খ) সাধারন সম্পাদক
গ) সহ-সাধারন সম্পাদক
ঘ) ক্রীড়া সম্পাদক
ঙ) সহ-ক্রীড়া সম্পাদক
চ) সাহিত্য সম্পাদক
ছ) সহ-সাহিত্য সম্পাদক
জ) সাংস্কৃতিক সম্পাদক
ঝ) সহ-সাংস্কৃতিক সম্পাদক
ঞ) বার্ষিকী সম্পাদক
ট) নাট্য সম্পাদক
ঠ) সমাজসেবা সম্পাদক
ড) মহিলা সম্পাদিকা
ঢ) সদস্য : ছয় জন

৪। কেন্দ্রীয় ছাত্র সংসদের কার্যকরী পরিষদের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য :

ক) সভাপতি : ১। সংসদ এর সভাপতি সংসদ এবং অন্যান্য উপ-সংসদ (যদি কিছু থাকে) কর্তৃক আয়োজিত সমস্ত সভায় সভাপতিত্ব করবেন ।

২। তিনি, সংসদ আইন ও বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে কিনা তা দেখবেন এবং জরুরী অবস্থায় বা অচলাবস্থায় সংসদের সুষ্ঠু কার্য নির্বাহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন ।

৩। তিনি সমস্ত আইন ও বিধির ব্যাখ্যা, বিশ্লেষণ দিবেন এবং এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে । সংসদের কার্যকরী পরিষদের কোন সদস্য কোন গুরুতর অপরাধে অভিযুক্ত প্রমানিত হলে বা কর্তব্য পালনে অসমর্থ হলে সভাপতি উক্ত পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতিক্রমে তাঁকে পদচ্যুত করতে করতে পারবেন । সংসদে অচলাবস্থার সৃষ্টি হলে বৃহত্তর স্বার্থে সভাপতি সংসদের কার্যকরী পরিষদ ভেংগে দিয়ে নতুন নির্বাচন আহ্বান কিংবা সংসদ চালু রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারবেন ।

২০/৭/২৫

খ) কোষাধ্যক্ষ : সংসদ এর অর্থকোষের ভার থাকবে কোষাধ্যক্ষের উপর । বাজেটে সংস্থান নেই, এমন কোন ব্যয় যাতে না হয় তিনি তা দেখবেন । সভাপতির অনুপস্থিতে কোষাধ্যক্ষ সংসদের সভায় সভাপতিত্ব করবেন । তিনি নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্ব পালন করবেন ।

গ) সহ-সভাপতি : সহসভাপতি হবেন সংসদের প্রধান নির্বাহী কর্মকর্তা ।

ঘ) সাধারন সম্পাদক : তিনি সংসদের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার দায়িত্ব পালন করবেন । তিনি সংসদের সমস্ত সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করবেন । সভাপতির অনুমোদনক্রমে তিনি সংসদের সকল সভা আহ্বান করবেন এবং সংসদের সিদ্ধান্ত অনুসারে সকল অনুষ্ঠানের তত্ত্বাবধান করবেন ।

ঙ) সহ-সাধারন সম্পাদক : সহ-সাধারন সম্পাদক সাধারনভাবে সংসদ পরিচালনার জন্য সমস্ত বিষয়ে সাধারন সম্পাদককে সহায়তা করবেন । তিনি সাধারন সম্পাদকের অনুপস্থিতিতে তাঁর সমস্ত দায়িত্ব পালন করবেন ।

চ) ক্রীড়া সম্পাদক : তিনি সংসদের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ও অন্যান্য আন্তঃবিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করবেন ।

ছ) সহ-ক্রীড়া সম্পাদক : তিনি সাধারনতঃ ক্রীড়া সম্পাদককে সাহায্য করবেন এবং ক্রীড়া সম্পাদকের অনুপস্থিতিতে তাঁর সমস্ত দায়িত্ব পালন করবেন ।

জ) সাহিত্য সম্পাদক : তিনি সংসদ আয়োজিত সাহিত্য ও বিতর্ক প্রতিযোগিতা এবং এতদ্সংক্রান্ত সভার আয়োজন করবেন । তিনি সংসদ কর্তৃক অনুমোদিত সাময়িকী, স্মরনিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশনার তদারক করবেন ।

ঝ) সহ-সাহিত্য সম্পাদক : সহ-সাহিত্য সম্পাদক সাধারনভাবে সমস্ত বিষয়ে সাহিত্য সম্পাদককে সহায়তা প্রদান করবেন এবং সাহিত্য সম্পাদকের অনুপস্থিতিতে তাঁর সমস্ত দায়িত্ব পালন করবেন ।

ঞ) সাংস্কৃতিক সম্পাদক : তিনি সংসদ কর্তৃক আয়োজিত বিভিন্ন সাংস্কৃতিক শিক্ষামূলক ও জাতীয় দিবস সমূহ পালনোপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করবেন । উল্লেখ থাকে যে, জাতীয় দিবস পালন উপলক্ষে সাহিত্য প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান থাকে তবে সাহিত্য এবং সাংস্কৃতিক সম্পাদকবৃন্দ যৌথভাবে অনুষ্ঠানটি আয়োজন করবে ।

ট) সহ-সাংস্কৃতিক সম্পাদক : তিনি সাধারনতঃ সাংস্কৃতিক সম্পাদককে সকল সহায়তা করবেন । সাংস্কৃতিক সম্পাদকের অনুপস্থিতিতে তিনি তাঁর দায়িত্ব পালন করবেন ।

ঠ) বার্ষিকী সম্পাদক : সংসদ কর্তৃক অনুমোদিত তিনি বিশ্ববিদ্যালয় বার্ষিকী সম্পাদনার দায়িত্ব পালন করবেন

ড) নাট্য সম্পাদক : তিনি সংসদ কর্তৃক অনুমোদিত নাট্যানুষ্ঠানের ও বার্ষিক নাটকের আয়োজনের দায়িত্ব পালন করবেন ।

ঢ) সমাজ সেবা সম্পাদক : তিনি সংসদ কর্তৃক অনুমোদিত বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান এবং সমাজকল্যানমূলক কাজের আয়োজন করবেন । ছাত্রদের পরিবহন সংক্রান্ত বিষয়ে তিনি প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করবেন

ণ) মহিলা সম্পাদিকা : ছাত্রীদের কমনরুমের দায়িত্ব তার উপর ন্যস্ত থাকবে ।

ত) সদস্য : সংসদ কর্তৃক আরোপিত যে কোন দায়িত্ব সম্পাদন করবেন ।

৫। কার্যকরী পরিষদের কর্মকর্তা নির্বাচন : সভাপতি ও কোষাধ্যক্ষ ছাড়া কার্যকরী পরিষদের অন্যান্য কর্মকর্তা নির্বাচন বিধি অনুসারে সংসদের সাধারন সদস্য দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হবেন ।

নির্বাচন বিধি :

ক) বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র, যাদের ভোটার তালিকা প্রণয়নের সময় বিশ্ববিদ্যালয়ের যাবতীয় পাওনা পরিশোধ করা আছে শুধুমাত্র তারাই ভোট দিতে পারবেন এবং নির্বাচনে প্রার্থী হতে পারবেন ।

খ) কোন প্রার্থীই একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ।

গ) ভোট দেওয়ার সময় প্রত্যেক ছাত্রকে তাঁর পরিচয়পত্র দেখাতে হবে ।

ঘ) প্রার্থীদের অবশ্যই লিখিতভাবে একজন ভোটারের মনোনয়ন এবং আরেক জন ভোটারের সমর্থন লাভ করতে হবে । ~~প্রত্যেক~~

প্রত্যেক প্রার্থীকেই মনোনয়নের সময় মনোনয়নপত্রে লিখিতভাবে তাঁর সম্মতি জ্ঞাপন করতে হবে ।

( ৩য় পৃষ্ঠায় দেখুন )

ঙ) কোন ভোটার একই পদে একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবে না। অর্থাৎ একজন ভোটার কার্যকরী পরিষদের সদস্যপদ ব্যতীত প্রতি পদে কেবল একজন প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবে। তবে সদস্য পদে সর্বাধিক ছয়জনকে প্রস্তাব বা সমর্থন করতে পারবে।

চ) সংসদ সভাপতি নির্বাচনের তারিখ নির্ধারণ ও ঘোষনা করবেন। তিনি নির্বাচন কমিশনার নিয়োগ ও একটি নির্বাচন উপদেষ্টা ও পরিচালনা কমিটি গঠন করবেন।

ছ) উক্ত কমিটি সংসদ এর কার্যকরী পরিষদের কর্মকর্তা নির্বাচনের সার্বিক তত্ত্বাবধানের দায়িত্বে থাকবেন।

জ) নির্বাচন কমিশনার নির্বাচনের কমপক্ষে ১৫ (পনের) দিন আগে নির্বাচনের তারিখ ঘোষণা করবেন।

ঝ) নির্বাচন কমিশনার তফসিলে ঘোষিত তারিখ ও সময় অনুযায়ী প্রার্থীদের মনোনয়নপত্র গ্রহণ ও বাছাই করবেন। তিনি মনোনয়ন পত্র পরীক্ষা করবেন এবং এতদসংক্রান্ত আপত্তি সম্পর্কে চূড়ান্ত অভিমত দেবেন। তিনি বিধিসংগত না হওয়ার কারণে যে কোন মনোনয়নপত্র বাতিল করতে পারবেন। এরূপ ক্ষেত্রে তিনি তাঁর সিদ্ধান্ত মনোনয়ন পত্রের উপর লিখবেন এবং বাতিল করার কারণ বিজ্ঞাপিত করবেন। এরকম সিদ্ধান্তের বিরুদ্ধে সংসদের সভাপতির কাছে সিদ্ধান্ত জ্ঞাপনের এক দিনের মধ্যে আপীল করা যাবে। সভাপতির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। মনোনয়ন পত্র বাছাইকালে নির্বাচন প্রার্থীরা নিজে অথবা তাঁদের প্রতিনিধি উপস্থিত থাকতে পারবে।

ঞ) কোন প্রার্থী নির্বাচন তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক নির্বাচন কমিশনারের নিকটে লিখিত ও স্বাক্ষরিত দরখাস্ত দ্বারা প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজের নাম প্রত্যাহার করতে পারবেন।

ট) নির্বাচন কমিশন নির্বাচনের অব্যবহিত পরেই ভোট কেন্দ্রগুলিতে উপস্থিত প্রার্থী এজেন্টদের সম্মুখে ভোট গণনার ব্যবস্থা করবেন। নির্বাচন কমিশনার আনুষ্ঠানিকভাবে নির্বাচনের ফলাফল ঘোষণা করবেন।

ঠ) নির্বাচন সম্পর্কে যে কোন অভিযোগ ফলাফল প্রকাশের তিন দিনের মধ্যে লিখিতভাবে সংসদের সভাপতির সমীপে পেশ করা যাবে এবং সভাপতি একটি আপীল কমিটির মাধ্যমে দশ দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

ড) ক্লাশ চলাকালীন সময়ে নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ। বিশ্ববিদ্যালয়ের দালানসমূহের কোন দেয়ালে নির্বাচনী প্রচারপত্র লাগানো যাবে না বা লেখা, প্রতিকৃতি অংকন প্রভৃতির মাধ্যমে দেয়ালের সৌন্দর্য হানিকর বিকৃতি ঘটানো যাবে না। নির্বাচন প্রক্রিয়া শুরু থেকে সমাপ্ত হওয়া পর্যন্ত এমন কিছু করা যাবে না যাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট হয়। ভোট গ্রহণ আরম্ভ হওয়ার সময়ের আট চল্লিশ ঘনটা পূর্বে সকল প্রকার নির্বাচনী প্রচারণা বন্ধ করতে হবে।

৬। <u>সংসদের সভা :</u>

ক) সংসদ প্রতি দুমাসে অন্তত: একবার মিলিত হবে।

খ) সংসদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম গঠন করবে। মুলতবী সভার জন্য কোন কোরাম দরকার হবে না।

গ) সংসদ সভার জন্য কমপক্ষে তিন দিন আগে বিজ্ঞপ্তি দিতে হবে। চব্বিশ ঘনটার বিজ্ঞপ্তিতে জরুরী সভা ডাকা যাবে।

ঘ) সভাপতির অনুমোদন ছাড়া কোন সভা অনুষ্ঠিত হতে পারবেনা এবং এমন কোন বিষয় আলোচনা করা যাবে না যা সভার অন্তত: একদিন আগে সভাপতির গোচরে আনা হয়নি।

ঙ) সংসদের কমপক্ষে এক তৃতীয়াংশ সদস্যের স্বাক্ষরিত কোন সভা ডাকার অনুরোধ পত্র পাওয়ার তিন দিনের মধ্যে সাধারণ সম্পাদক তলবী সভা আহবান করবেন।